দৈনিক
# জনকণ্ঠ

তারিখ ... 27 MAY 2003 ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষার উন্নয়ন করতে হলে শিক্ষাকে রাজনীতির উর্ধে রাখতে হবে ॥ শিক্ষক সমিতি কাউন্সিলে জিল্লুর রহমান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) জাতীয় কাউন্সিলের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেছেন, সরকার পরিবর্তন হলেই দেশের শিক্ষানীতিও পরিবর্তন হয়। কিন্তু শিক্ষার কোন উন্নয়ন হয় না। তাই শিক্ষার উন্নয়ন করতে হলে শিক্ষাকে রাজনীতির উর্ধে রাখতে হবে। বক্তারা শিক্ষক এবং শিক্ষা সংশ্লিষ্ট স্বার্থ রক্ষায় সকল শিক্ষক সমাজকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

সোমবার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে সংগঠনের সভাপতি অধ্যক্ষ মোঃ কামরুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে বক্তৃতা করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী, আওয়ামী লীগের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক সৈয়দ আবুল হোসেন এমপি, সংগঠনের সহসভাপতি হেনা দাস, মহাসচিব চৌধুরী খুরশীদ আলম, এমএ আউয়াল সিদ্দিকী, রঞ্জিত কুমার সাহা।

এ সময় মঞ্চে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, শরীফুল ইসলাম প্রমুখ।

কাউন্সিলে সারা দেশের জেলা প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

প্রধান অতিথির বক্তব্যে জিল্লুর রহমান সিদ্দিকী বলেন, আমাদের দেশে সরকার পরিবর্তন হলেই শিক্ষা নীতিও পরিবর্তন হয়ে যায়। আসলে রাজনৈতিক বিবেচনায় শিক্ষাকে দেখা উচিত নয়। তিনি বলেন, শিক্ষার উন্নয়ন করতে হলে শিক্ষাকে রাজনীতির উর্ধে রাখতে হবে। অন্যান্য বক্তারাও শিক্ষাকে রাজনীতিমুক্ত রাখার দাবি জানান। তাঁরা শিক্ষকদের পেশাগত এবং শিক্ষা সংশ্লিষ্ট স্বার্থে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান।

কাউন্সিলে শিক্ষকদের বিভিন্ন দাবি সংবলিত লিখিত প্রস্তাবনা উপস্থাপন করা হয়। এসব প্রস্তাবনার মধ্যে রয়েছে, বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন শতকরা ১০ ভাগ বৃদ্ধি করে ১শ' ভাগে উন্নীত করা, শতকরা ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদান, শিক্ষক-কর্মচারীদের ওপর নির্যাতন বন্ধ করা, চাকরিচ্যুতদের পুনর্বহাল করা। এ ছাড়া প্রস্তাবনায় আরও রয়েছে, পরীক্ষায় নকলের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা, পাঠ্য বইয়ে ভুল তথ্য ও ইতিহাস বিকৃতির প্রতিবাদ এবং ভুল সংশোধন করার আহ্বান।